

🗏 আল-কাসাস | Al-Qasas | ٱلْقَصَصَ

আয়াতঃ ২৮: ৬৬

💵 আরবি মূল আয়াত:

🗚 অনুবাদসমূহ:

অতঃপর সেদিন সকল সংবাদ তাদের কাছ থেকে গোপন হয়ে যাবে, তখন তারা পরস্পরকে জিজ্ঞাসা করতে পারবে না। — আল-বায়ান

সে দিন তাদের কথা বন্ধ হয়ে যাবে, অতঃপর পরস্পরকে জিজ্ঞাসাবাদও করতে পারবে না। — তাইসিরুল সেদিন সকল তথ্য তাদের নিকট হতে বিলুপ্ত হবে এবং তারা একে অপরকে জিজ্ঞাসাবাদ করতে পারবেনা। — মুজিবুর রহমান

But the information will be unapparent to them that Day, so they will not [be able to] ask one another. — Sahih International

৬৬. অতঃপর সেদিন সকল তথ্য তাদের কাছ থেকে বিলুপ্ত হবে তখন এরা একে অন্যকে জিজ্ঞাসাবাদও করতে পারবে না।

তাফসীরে জাকারিয়া

- (৬৬) সেদিন তাদের সকল খবর বিলুপ্ত হয়ে যাবে এবং তারা একে অপরকে জিজ্ঞাসাবাদও করতে পারবে না। [1]
 - [1] কেননা, তাদের দৃঢ় বিশ্বাস হয়ে যাবে যে, তারা সকলে জাহান্নামে প্রবেশ করবে।

তাফসীরে আহসানল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=3318

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন